তারিখ ··· 2·5·DEC·2016···
পৃষ্ঠা ···2··· কলাম···2······

দৈনিক
আমাদের সময়

# কওমি মাদ্রাসা না থাকলে মানুষ ঈমান রক্ষা করতে পারবে না

## —শাহ্ আহমদ শফী

**ঈশ্বরগঞ্জ প্রতিনিধি ●**
বাংলাদেশ কওমি মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ও দারুল উলুম মঈনুল ইসলাম হাটহাজারীর মহাপরিচালক শাহ্ আহমদ শফী বলেছেন, দেশে কওমি মাদ্রাসা না থাকলে মানুষ ইমান রক্ষা করতে পারবে না। গতকাল শনিবার দুপুরে ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ পৌর সদরের বায়তুল কোরআন হাফিজিয়া মাদ্রাসা আয়োজিত ইসলামি মহাসম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। স্থানীয় খেলার মাঠে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন ইত্তেফাকুল উলামা ময়মনসিংহের সভাপতি আব্দুর রহমান হাফেজ্জী। এ সময় বক্তব্য রাখেন উপজেলা চেয়ারম্যান মাহমুদ হাসান সুমন, পৌর মেয়র ও মুক্তিযোদ্ধা কমান্ডার মো. আব্দুছ সাত্তার, আল্লামা আরশাদ মাদানী, মাওলানা হাবিবুল্লাহ মাহমুদ কাসেমী, মাওলানা নূরুল আলম, হাফেজ আলী আহম্মদ প্রমুখ।